

🗏 আশ-শুআ'রা | Ash-Shu'ara | ٱلشُّعَرَاء

আয়াতঃ ২৬: ২২৩

💵 আরবি মূল আয়াত:

يُّلقُونَ السَّمعَ وَ أَكثَرُهُم كُذِبُونَ ﴿٢٢٣﴾؟

তারা কান পেতে থাকে এবং তাদের অধিকাংশই মিথ্যাবাদী। — আল-বায়ান ওরা কান পেতে থাকে আর তাদের অধিকাংশই মিথ্যাবাদী। — তাইসিরুল তারা কান পেতে থাকে এবং তাদের অধিকাংশই মিথ্যাবাদী। — মুজিবুর রহমান

They pass on what is heard, and most of them are liars. — Sahih International

২২৩. তারা কান পেতে থাকে এবং তাদের অধিকাংশই মিথ্যাবাদী।(১)

(১) এর দুটি অর্থ হতে পারে। একটি হচ্ছে, শয়তানরা কিছু শুনে নিয়ে নিজেদের চেলাদেরকে জানিয়ে দেয় এবং তাতে সামান্যতম সত্যের সাথে বিপুল পরিমাণ মিথ্যার মিশ্রণ ঘটায়। দ্বিতীয় অর্থ হচ্ছে, মিথ্যুক-প্রতারক গণকরা শয়তানের কাছ থেকে কিছু শুনে নেয় এবং তারপর তার সাথে নিজের পক্ষ থেকে অনেকটা মিথ্যা মিশিয়ে মানুষের কানে ফুঁকে দিতে থাকে। [দেখুন: ফাতহুল কাদীর] একটি হাদীসে এর আলোচনা এসেছে। আয়েশা রাদিয়াল্লাহু 'আনহা বলেনঃ কোন কোন লোক নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে গণকদের ব্যাপারে জিজ্ঞেস করে। জবাবে তিনি বলেন, ওসব কিছুই নয়। তারা বলে, হে আল্লাহর রাসূল! কখনো কখনো তারা তো আবার ঠিক সত্য কথাই বলে দেয়। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জবাবে বলেন, সত্যি কথাটা কখনো কখনো জিনেরা নিয়ে আসে এবং তাদের বন্ধুদের কানে ফাঁকে দেয় তারপর তারা তার সাথে শত মিথ্যার মিশ্রণ ঘটিয়ে একটি কাহিনী তৈরী করে। [বুখারী ৩২১০]

তাফসীরে জাকারিয়া

(২২৩) ওরা কান পেতে থাকে এবং ওদের অধিকাংশই মিথ্যাবাদী। [1]

[1] অর্থাৎ, জ্যোতিষীদের কানে পোঁছে দেয়। তারা তার সাথে মিথ্যা কথা মিশিয়ে মানুষের মাঝে পরিবেশন করে। যেমন, সহীহ হাদীসে এসেছে। (দেখুনঃ সহীহ বুখারী তাওহীদ অধ্যায় ফাজের ও মুনাফিক, ও সৃষ্টি রচনা পরিচ্ছেদ, ইবলীস ও তার সৈন্য পরিচ্ছেদ। মুসলিমঃ সালাম অধ্যায় জ্যোতিষী ও তার নিকট আসা পরিচ্ছেদ) للسَّمع এর অর্থঃ শয়তান কিছু কথা শোনার পর তা জ্যোতিষীদের কানে পোঁছে দেয়। সেই হিসাবে السَّمع শক্টি المَسمُوع (শ্রুত কথা) অর্থে ব্যবহার হবে। কিন্তু যদি এর অর্থ শ্রবণেন্দ্রীয় বা কান হয়, তাহলে এর অর্থ





হবে শয়তানরা আকাশে কান লাগিয়ে চুরি করে লুকিয়ে কিছু কথা শুনে ফেলে এবং তা জ্যোতিষীদের নিকট পৌঁছে দেয়।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3155

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন